# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 08.10.2023** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতি বলেছেন, রাজ্যে একশো দিনের কাজের প্রকল্পে অবিলম্বে সব ভুয়ো জবকার্ড বাতিল করতে হবে।

২) বিজেপি, পুজোর পর প্রধানমন্ত্রী আবাস যোজনায় বঞ্চিতদের নিয়ে কলকাতায় সমাবেশ করবে।

৩) আবহাওয়া পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও সিকিমে এখনও রাজ্যের বহু পর্যটক আটকে রয়েছেন। তবে তাঁরা নিরাপদে।

৪) আবেদনের ভিত্তিতে রাজ্যে পরিবেশবান্ধব সবুজ বাজি বিক্রির লাইসেন্স দেওয়া শুরু হয়েছে।

৫) মোহনবাগান সুপারজায়ান্ট গতকাল আইএসএল ফুটবল ম্যাচে ৩-১ গোলে চেন্নাইয়ান এফসি-কে হারিয়ে দিয়েছে।

---

রাজ্যে ১০০ দিনের কাজের প্রকল্পে অবিলম্বে সব ভুয়ো জব কার্ড বাতিল করতে হবে বলে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতি স্পষ্ট জানিয়েছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, ২০১৯ সাল থেকে এই প্রকল্প

নিয়ে তার কাছে বিস্তর অভিযোগ এসেছে। এরপর কেন্দ্রীয় সরকার একাধিকবার এই দুর্নীতির তদন্তের নির্দেশ দিয়ে রাজ্য সরকারকে চিঠি দিলেও কোনো ফল হয়নি। শুধুমাত্র পূর্ব বর্ধমান এবং হুগলি জেলাতেই চার কোটি টাকার দুর্নীতি হয়েছে বলে কেন্দ্রীয় পর্যবেক্ষক দল রিপোর্ট দিয়েছে।

দিল্লিতে তৃণমূল কংগ্রেসের প্রতিনিধিদের সঙ্গে তিনি দেখা করেননি বলে যে অভিযোগ উঠেছে তা খারিজ করে দিয়ে মন্ত্রী বলেন, গত মঙ্গলবার কৃষি ভবন থেকে তিনি পালিয়ে যাননি। সমস্ত তথ্যপ্রমাণ নিয়েই তিনি কলকাতায় এসেছেন।

-------------------

বিজেপি, পুজোর পর প্রধানমন্ত্রী আবাস যোজনায় বঞ্চিতদের নিয়ে কলকাতায় সমাবেশ করবে। গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, লক্ষাধিক মানুষের ঐ সমাবেশে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রীকেও উপস্থিত থাকতে আমন্ত্রণ জানানো হয়েছে। পাশাপাশি একশো দিনের কাজের প্রকল্পে প্রকৃত ও ভুয়ো জবকার্ড থাকা ব্যক্তিদের চিহ্নিত করতে বিশেষ টিমকে দিয়ে পর্যালোচনা করার জন্য তিনি কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন। তৃণমূল কংগ্রেস, রাজ্যের বিভিন্ন দুর্নীতি থেকে নজর ঘোরাতে ধর্ণার নামে নাটক করছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী দেখা করেন নি বলে তৃণমূল কংগ্রেস যে অপবাদ দিচ্ছে, তার জন্য ঐ দলের ক্ষমা চাওয়া উচিত বলে শুভেন্দু বাবু মন্তব্য করেন।

-------------------

বিজেপি রাজভবনের সামনে তৃণমূল কংগ্রেসের বিক্ষোভ কর্মসূচি নিয়ে প্রশ্ন তুলেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত

মজুমদার জানিয়েছেন, রাজভবন ও কলকাতা হাইকোর্ট সংলগ্ন এলাকায় ১৪৪ ধারা জারি থাকে। সেই এলাকায় অভিষেক ব্যানার্জি যে বিক্ষোভ অবস্থান করছেন তাতে পুলিশের অনুমোদন রয়েছে কিনা সে বিষয়ে তিনি প্রশ্ন তোলেন। পুলিশের অনুমোদন থাকলে,রাজ্য সভাপতি তার প্রমাণ দেখাবার দাবি জানান। তিনি বলেন, চাকরিপ্রার্থী, ডিএ আন্দোলনকারী ও বিজেপি কর্মীরা রাজভবনের সামনে বিক্ষোভ দেখালে পুলিশ বাধা দেয়। রাজ্যের আইন এবং ১৪৪ ধারা শুধুমাত্র বিজেপির রাজ্য সভাপতি ও বিরোধী দলনেতার জন্যই কার্যকর কিনা তিনি সে বিষয়েও প্রশ্ন তোলেন। শ্রী মজুমদার অভিযোগ করেন, নয়ছয় হওয়া টাকা উদ্ধারের পরিবর্তে তৃণমূল কংগ্রেস শুধুমাত্র নাটক করছে।

বাইট

--------------------

রাজ্যপাল সি ভি আনন্দ বোস রাজ্য সরকারের দাবি দাওয়া সম্পর্কে ওয়াকিবহাল। সে বিষয়ে তিনি কেন্দ্রীয় সরকারের সঙ্গে যতটা সম্ভব আলোচনা করবেন বলে তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় গতকাল জানিয়েছেন। একশো দিনের কাজ ও আবাস যোজনা প্রকল্পে রাজ্যের বকেয়া পাওনা নিয়ে তৃণমূল কংগ্রেসের তিন সদস্যের দল গতকাল দার্জিলিং রাজভবনে রাজ্যপালের সঙ্গে সাক্ষাত করেন। কল্যাণ বাবু ছাড়াও ছিলেন সাংসদ মহুয়া মৈত্র ও রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী প্রদীপ মজুমদার।

এদিকে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস গতকাল দিল্লী থেকে দার্জিলিং পৌঁছলে তৃণমূল কংগ্রেসের নেতাকর্মীদের বিক্ষোভের মুখে পড়েন। প্রথমে বাগডোগরা, পরে মাটিগাড়া এবং তারপর শিলিগুড়ি গেস্টহাউসের সামনে তাঁকে কালো পতাকা দেখানো হয়।

--------------------

গত দুদিন ধরে সিকিম থেকে বহু পর্যটক সমতলে নেমে এলেও এখনও উত্তর সিকিমে প্রচুর পর্যটক আটকে রয়েছেন বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। বৃষ্টিপাত ও খারাপ আবহাওয়ার জন্য সেনাবাহিনীর হেলিকপ্টারে কাউকে নামানো সম্ভব হয়নি। তবে পর্যটকরা সুরক্ষিত আছেন। হোটেল, গেস্ট হাউস ও সরকারি ভবনগুলিতে পর্যটকদের নিখরচায় থাকা-খাওয়ার ব্যবস্থা করা হয়েছে বলে সিকিম রাজ্য প্রশাসন জানিয়েছে। শিলিগুড়ি সিকিম লাইফ লাইন ১০ নম্বর জাতীয় সড়কের বিভিন্ন অংশের সংস্কারের কাজও শুরু হয়েছে।

এদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় কুমার মিশ্রের সভাপতিত্বে গতকাল গ্যাংটকে সেনাবাহিনী, ITBP, BRO, NHPC প্রভৃতি সংস্থার প্রতিনিধিদের সঙ্গে ত্রাণ ও উদ্ধারকাজ নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠক হয়। মন্ত্রী জানান, কেন্দ্রের ৫টি মন্ত্রকের আন্ত-মন্ত্রক কমিটির সদস্যরা আজ রাজ্যের পরিস্থিতি খতিয়ে দেখবেন। এই পাঁচটি মন্ত্রক হল কৃষি, সড়ক পরিবহণ, জলশক্তি, বিদ্যুৎ এবং অর্থ। শ্রী মিশ্র আরও জানিয়েছেন, সিকিমের পরিস্থিতির কথা বিবেচনা করে কেন্দ্রীয় ও রাজ্য বিপর্যয় ব্যবস্থাপন দপ্তরের বাজেট বরাদ্দ জরুরি ভিত্তিতে বৃদ্ধি করা হয়েছে।

--------------------

সিকিমে প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত মানুষকে কেন্দ্রীয় সরকার সাহায্য করছে। অথচ এরাজ্যের দার্জিলিং ও কালিম্পং ক্ষতিগ্রস্ত হলেও তেমন কোনো সহায়তা মেলেনি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী বলেন, এই দুই জেলায় প্রাকৃতিক দুর্যোগে অনেকের মৃত্যু হয়েছে। তা সত্ত্বেও এই ধরনের বৈষম্যে তিনি বিস্মিত।

দুর্যোগের কারণে রাজ্য সরকার, গোর্খা আঞ্চলিক প্রশাসন জিটিএ-কে ২৫ কোটি টাকা দেওয়া ছাড়াও সেখানকার মানুষকে নিরাপত্তা দিতে প্রশাসনকে সর্বক্ষণ কাজ করার নির্দেশ দিয়েছে। প্রয়োজনে রাজ্য সরকার বন্যা বিধ্বস্ত সিকিমকে সাহায্য করবে বলেও তিনি আশ্বাস দেন।

-------------------

কামদুনি ধর্ষণ এবং হত্যাকান্ডে দোষীদের সাজা মকুবের প্রতিবাদে গতকাল নামেন নির্যাতিতা সুকান্ত মজুমদার, কংগ্রেস নেতা কৌস্তভ বাগচী, সিপিআইএম-এর রমলা চক্রবর্তী, শতরূপ ঘোষ, রেখা গোস্বামী প্রমুখ।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি ও সংসদ অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন, রাজ্য পুলিশ ও CID কামদুনি গণধর্ষণ ও খুনের মামলায় অপরাধের নৃশংসতা প্রমাণ করার জন্য সঠিক তথ্য সরবরাহ করতে পারেনি। পুরো বিষয়টি নিয়ে, তিনি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন বলে খবর। চিঠিতে অধীর বাবু নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানিয়েছেন।

-------------------

তিন বছর বন্ধ থাকার পর রাজ্য সরকার আসন্ন উৎসবের মরসুমে, আবেদনের ভিত্তিতে পরিবেশবান্ধব সবুজ বাজি বিক্রির লাইসেন্স দেওয়া শুরু করেছে। অনলাইনের মাধ্যমে এখনও পর্যন্ত প্রায় ৮৯০ টি লাইসেন্স দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। ৮৫ টি আবেদন বাতিল করা হয়েছে। প্রসঙ্গত

উল্লেখ্য, পরিবেশবান্ধব সবুজ বাজি বিক্রির জন্য রাজ্য সরকার বিভিন্ন জেলায় ক্লাস্টার তৈরির উপরে জোর দিয়েছে।

--------------------

রাজ্যের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ৫২ তম জিএসটি কাউন্সিলের বৈঠকে মনরেগা প্রকল্প সহ রাজ্যের বকেয়া পাওনা দ্রুত মেটানোর দাবি জানিয়েছেন। নতুন দিল্লিতে গতকাল জিএসটি কাউন্সিলের বৈঠকে দেশের অর্থমন্ত্রী নির্মলা সীতারামনকে তিনি জানান, কেন্দ্র মনরেগা এবং প্রধানমন্ত্রী আবাস যোজনার টাকা অনুমোদন করা সত্ত্বেও গত ২ বছর বহু উপভোক্তা টাকা পাচ্ছেন না।

--------------------

নিউটাউন সাপুরজি আবাসনে এক তথ্য প্রযুক্তি কর্মীকে গণধর্ষণের ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে । গতকাল উইকেন্ডের পার্টিতে তিন বন্ধু প্রচুর মদ্যপান করে। তারা প্রত্যেকেই তথ্যপ্রযুক্তি কর্মী। পরে তরুণীকে গণধর্ষণ করা হয় বলে অভিযোগ। টেকনোসিটি থানায় লিখিত অভিযোগ করে ওই তরুণী। পুলিশের পক্ষ থেকে সমস্ত বিষয় খতিয়ে দেখা হচ্ছে। তরুণীর বয়ান রেকর্ড করা হয়েছে। তাদের আজ বারাসাত আদালতে তোলা হবে।

--------------------

চেন্নাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে গতকাল আই এস এলের ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট ৩-১ গোলে চেন্নাইয়িন এফ সি, কে হারিয়ে দিয়েছে। সবুজ মেরুন দলের পক্ষে দিমিত্রি পেত্রাতোস, জেসন কামিংস, মানভির সিং এবং চেন্নাইয়িন এফ সি, র ক্রিভেল্লারো গোল করেছেন। মোহনবাগান তিন ম্যাচ জিতে ৯ পয়েন্ট নিয়ে লিগ তালিকার শীর্ষস্থানে রয়েছে।

--------------------

জাতীয় বন্যপ্রাণ সপ্তাহ শেষ হচ্ছে আজ। জীববৈচিত্র ও বন্যপ্রাণ রক্ষা বিষয়ে সচেতনতা বাড়াতে প্রতিবছর দোসরা থেকে ৮ই অক্টোবর সারা দেশের সঙ্গে এ রাজ্যেও নানা কর্মসূচি পালন করা হয়। বনদপ্তরের উদ্যোগে সুন্দরবনের ঝড়খালি সংরক্ষিত বনাঞ্চলে সপ্তাহের শুরুতে স্কুল পড়ুয়াদের জন্য বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। পরিচিত করানো হয় বিভিন্ন পাখি ও উদ্ভিদের সঙ্গে। মানুষ-পশু সংঘাত এড়াতে প্রাথমিক কর্তব্য বিষয়েও নানা ভাবনা চিন্তা ভাগ করে নেওয়া হয় ছাত্র ছাত্রীদের সঙ্গে।

একটি প্রতিবেদন

-------------------- --------------------